উপজেলা পরিষদ

ত্রিশাল, ময়মনসিংহ।

ত্রিশাল উপজেলা পরিষদ এর জুলাই /২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আবদুল মতিন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ : ১৩/০৭/২০২৩ খ্রি.
সময় : বেলা ১১:০০ ঘটিকা।

উপস্থিত সদস্য : পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন। তিনি সভায় আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার জনাব জুয়েল আহমেদ সম্মানিত সদস্যগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে গত ১৫/০৬/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করেন। পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

অত:পর আলোচ্যসূচির ক্রমধারা অনুযায়ী বিভাগীয় কর্মকর্তাগণকে তাঁদের বিভাগীয় কার্যাবলী এবং অগ্রগতি উপস্থাপন করার জন্য অনুরোধ জানানো হয় এবং আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | এলজিইডিঃ<br>উপজেলা প্রকৌশলী এর প্রতিনিধি অত্র মাসিক সাধারণ সভায় সম্মানিত সভাপতিসহ সকল সদস্যগণকে শুভেচ্ছা ও সালাম জানিয়ে অবহিত করেন যে, উপজেলা প্রকৌশলী বিভাগীয় কাজে ঢাকা গেছেন। বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২২-২৩ অর্থ বছরে অত্র উপজেলায় গৃহীত ০৯ টি সড়ক মেরামত কাজের টেন্ডার আহ্বান করা হলেও ঠিকাদারী প্রতিষ্ঠান ০৮ টি কাজ সম্পন্ন করেন ও একটি কাজ বর্তমান অর্থ বছরে বাস্তবায়নের অনুমোদনের জন্য সদর দপ্তরে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।<br>২০২২-২৩ অর্থ বছরের এডিপি ও রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন কাজের টেন্ডার আহ্বান করা হলেও রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিলের স্কীম বাস্তবায়নের কাজ চলমান আছে, যা আগামী এক মাসের মধ্যে সম্পন্ন হবে বলে আশাবাদী।<br><br>জুন/২০২৩ মাসের মাসিক সভায় অবহিত করা হয় যে, অত্র উপজেলা পরিষদ চত্বরে বিএডিসি কর্তৃক নির্মিত টিটিডিসি ভবন ঝুঁকিপূর্ণ ও পরিত্যক্ত এবং নির্বাহী প্রকৌশলী, বিএডিসি, ময়মনসিংহ কর্তৃক অনাপত্তিপত্র পাওয়া যায়। উক্ত সভার সিদ্ধান্তক্রমে উপজেলা প্রকৌশলীর দপ্তর থেকে ভবন নিলামের জন্য প্রাক্কলন প্রস্তুত করা হয় যার মূল্য ৬৬,৮৯৪/- টাকা। এছাড়াও উপজেলা পরিষদের পরিকল্পিত অবকাঠামো ব্যবস্থাপনার জন্য Master plan প্রনয়ন করা আবশ্যক এরই প্রেক্ষিতে উপজেলা পরিষদের একটি Digital Topographical Survey ও Soil Test প্রয়োজন। সভায় এ বিষয়ে সকলের সমর্থন কামনা করা হয়।<br><br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ সভায় পুরাতন ভবন মেরামত ও স্টাফ কোয়ার্টার মেরামতের জন্য প্রাক্কলন প্রস্তুত করে তা যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণের জন্য প্রস্তাব করেন। | ০১। উপজেলা প্রকৌশলীর দপ্তর কর্তৃক প্রস্তুতকৃত প্রাক্কলনের মূল্য ৬৬,৮৯৪/- টাকা গৃহীত হলো এবং নিলাম আহ্বানের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০২। Master plan, Digital Topographical Survey ও Soil Test করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০৩। প্রস্তাবমতে অতি দ্রুত প্রাক্কলন প্রস্তুত করে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ত্রিশাল, ময়মনসিংহ।<br>ও<br>উপজেলা প্রকৌশলী এলজিইডি, ত্রিশাল,ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ :<br>উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা এর প্রতিনিধি সভায় জানান যে, ব্যবহার উপযোগী নয় এমন ভবনগুলো পরিত্যক্ত ঘোষনা করে যত দ্রুত সম্ভব ভেঙ্গে ফেলতে হবে, সি সি ক্যামেরা থাকা সত্বেও চুরির উপদ্রব বেড়ে গেছে তাই উক্ত বিষয়গুলোর উপর সদয় দৃষ্টি দেয়ার জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ করা হলো।<br>অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বভাবিক ভাবে চলমান রয়েছে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ :<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বালিপাড়া ও মঠবাড়ী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অভিযোগ করেছেন যে, কোন কোন ইউনিয়নে অসাধু বীজ বিক্রেতা দেখা যাচ্ছে। সভাপতি মহোদয় এ বিষয়ে পরিদর্শন করে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে বলেন। | যে সকল ইউনিয়নে অসাধু বীজ বিক্রেতা রয়েছে তাদেরকে চিহ্নিত করে আগামী সভায় তাদের নামের তালিকা উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| ০৪ | উপজেলা মৎস্য বিভাগ :<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে,নিরাপদ মাছে ভরবো দেশ গরবো মোরা বাংলাদেশ এই প্রতিপাদ্য বিষয় নিয়ে প্রতিবারের ন্যায় এবছরও জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩, ২৪ জুলাই হতে ৩০ জুলাই পর্যন্ত অনুষ্ঠিত হবে। উক্ত সপ্তাহ সফলভাবে পালনের জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সকলের সহযোগীতা কামনা করেন। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩ সফলভাবে পালনের জন্য সকলের সার্বিক সহযোগীতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। ও সংশ্লিষ্ট সকল। |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ :<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, পিপিআর নির্মূল করার লক্ষ্যে সকল ইউনিয়নে সমাবেশ ও ফ্রি টিকাদান ও কৃমিনাশক প্রদান করা হবে।<br>ত্রিশালে হাতুরে চিকিৎসার জন্য অনেক প্রাণী মারা যাচ্ছে। এক্ষেত্রে মোবাইল কোর্ট পরিচালনা করা প্রয়োজন।<br>ত্রিশাল ভেটেরিনারি হাসপাতাল হতে প্রতি সপ্তাহের রবিবার হাঁস মুরগী টিকা প্রদান করা হবে। | ত্রিশালের হাতুরে চিকিৎসকদের তালিকা তৈরী করে আগামী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৬ | উপজেলা সমাজসেবা বিভাগ ঃ<br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় বাস্তবায়িত বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাসহ সকল ভাতাভোগীদের যাচাই-বাছায়ের জন্য লাইভ ভেরিফিকেশনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। লাইভ ভেরিফিকেশন প্রোগ্রাম শেষ হলে যে সকল ভাতাভোগী ভাতা পেতে সমস্যা আছে তাদের সমস্যার সমাধান হবে বলে আমরা আশা করছি। আগামী ২০ জুলইয়ের মধ্যে লাইভ ভেরিফিকেশনের সিডিউল জানানো হবে। এই কাজে সকল ইউনিয়ন চেয়ারম্যানদের সার্বিক সহযোগীতার জন্য অনুরোধ করা হলো। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | লাইভ ভেরিফিকেশন প্রোগ্রাম সুষ্ঠু ও সুন্দরতাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। ও ইউপি চেয়ারম্যান, (সকল)। |
| ০৭ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ :<br>উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ১৮১ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ১৩০ টি বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি গঠিত হয়েছে। বাকি বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি গঠনের কাজ চলমান আছে। এছাড়া বিভাগীয় অনান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বাকি ৫১টি বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি গঠনের কাজ দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে,<br>১। শিক্ষা প্রতিষ্ঠানে অর্ধবার্ষিক মূল্যায়ন কার্যক্রম সমাপ্তির পর তদারকী চলছে।<br>২। প্রশিক্ষনের জন্য শিক্ষকগনের তালিকা প্রণয়ন চলছে।<br>৩। ইনহাউস প্রশিক্ষণ চলমান আছে।<br>৪। শিক্ষাপ্রতিষ্ঠান পরিদর্শনের কাজ চলমান আছে।<br><br>ইউজিডিপি প্রকল্প থেকে মাধ্যমিক স্কুল, কলেজ ও মাদ্রাসা প্রতিষ্ঠানে এলইডি টিভি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানানো হয়।<br>এ বিষয়ে সভাপতি মহোদয় জানান, বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সার্বিক দিক বিবেচনা করে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করা হবে।<br>এছাড়া বিভাগীয় সাধারণ কার্যক্রম এবং উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত অনান্য কার্যক্রম চলমান আছে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৯ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, অত্র কার্যালয় থেকে<br>এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র সমূহ হতে নিয়মিত পরিকল্পনা সেবা মা ও শিশু সাস্থ্য সেবা প্রদান করা হচ্ছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১০ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে,<br>টিয়ার,কাবিখা/কাবিটা ঃ ২০২২-২০২৩ অর্থ বছরের কার্যক্রম শতভাগ বাস্তবায়িত হয়েছে। মাঠে আপাদত কোন কাজ নেই। রিপোর্ট রিটার্নের কাজ চলমান রয়েছে।২০২৩-২৪ অর্থবছরের বরাদ্দ এখনো পাওয়া যায়নি।<br><br>ইজিপিপিঃ ২০২২-২৩ অর্থবছরের ১ম ও ২য় পর্যায়ের ইজিপিপি এর কাজ শতভাগ বাস্তবায়িত হয়েছে। রিপোর্ট রিটার্নের কাজ চলমান রয়েছে।২০২৩-২৪ অর্থবছরের বরাদ্দ এখনো পাওয়া যায়নি।<br><br>এইচবিবিঃ অত্র উপজেলায় ৩ কিঃমিঃ এইচবিবি রাস্তা শতভাগ বাস্তবায়িত হয়েছে। নতুন অর্থবছরের বরাদ্দ এখনো পাওয়া যায়নি।<br>ব্রীজ/কালভার্ট ঃ ২০২২-২৩ অর্থ বছরে অত্র উপজেলায় ০৫ টি ব্রীজ এর কাজ বাস্তবায়িত হয়েছে। মঠবাড়ী ইউনিয়নে একটি ব্রীজের কাজ বাস্তবায়নাধীন রয়েছে।<br><br>এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। কোন সমস্যা নেই। | সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগের কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা , ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১১ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :<br>সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম যথারিতি চলমান আছে। মানব সম্পদ উন্নয়ন প্রকল্পের পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহের কাজের বোরিং শুরু হয়েছে। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, জয়িতা অম্বেষণে বাংলাদেশ ২০২৩ নির্বাচনের জন্য পৌরসভাসহ প্রত্যেক ইউনিয়ন থেকে ০৫ ক্যাটাগরীর ০৫ জন করে নাম দেয়ার জন্য অনুরোধ করা হলো। আগামী | আগামী ০৮/০৮/২০২৩ ইং তারিখে বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব এর ৯৩ তম | উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| | ০৮/০৮/২০২৩ ইং তারিখে বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব এর ৯৩ তম জন্মবার্ষিকী উদযাপন করা হবে।<br><br>ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কর্মসূচি ঃ ২০২৩-২৪ চক্রের ভিডব্লিউবি কার্যক্রমের আওতায় ১২ টি ইউনিয়নে জুলাই/২৩ মাসের ২৮২৪ জন উপকারভোগীর মধ্যে বরাদ্দ প্রাপ্তী সাপেক্ষে খাদ্যশস্য বিতরণের লক্ষ্যে ডিও জারি করা হবে।<br><br>মা ও শিশু সহায়তা কর্মসূচি ঃ মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২২-২৩ অর্থ বছরে পৌরসভা এবং প্রত্যেক ইউনিয়নের বেশিরভাগ উপকারভোগীদের স্ব স্ব হিসাবে জিটুপি পদ্ধতিতে টাকা প্রেরণ করা যাচ্ছে।<br><br>কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প ঃ কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় ২০২৩ সালের ৩য় ব্যাচের ১২ টি ক্লাবে প্রশিক্ষণ কার্যক্রম চলমান। শিক্ষক শূন্যতার কারনে বালিপাড়া ক্লাব বন্ধ রয়েছে। শীঘ্রই শূন্য পদে নিয়োগের নিমিত্তে প্যানেল প্রস্তুতের জন্য স্বাক্ষাতকার গ্রহন করা হবে।<br><br>নারী নির্যাতন প্রতিরোধ ঃ গত মাসে কোর্ট থেকে ০২ টি অভিযোগ পাওয়া যায়। শীঘ্রই পূর্বের ০২ টি মামলার তদন্ত প্রতিবেদন কোর্ট প্রেরণের জন্য প্রক্রিয়াধীন হচ্ছে।<br><br>বাল্য বিবাহ প্রতিরোধ ঃ উক্ত মাসে সাখুয়া ইউনিয়নে বাল্য বিবাহের ০১ টি অভিযোগ পাওয়া গেছে। উক্ত বাল্য বিবাহ প্রতিরোধের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। প্রতি মাসে বাল্যবিবাহ প্রতিরোধে সচেতনতামূলক সভা করা হয়।<br><br>এছাড়া অত্র দপ্তরে কর্মকর্তা ও ০১ জন অফিস সহায়ক রয়েছে। জনবল সংকটের কারনে বিভিন্ন সময় বাহিরে অফিসের কাজে অফিস তালাবদ্ধ রাখতে হয়। | জন্মবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় সুষ্ঠ ও সুন্দরভাবে উদযাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ও<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ ঃ<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচী (৩য় পযায়ে ) এর আওতায় ২ মাস ব্যাপী দেশের সনামধন্য প্রশিক্ষন কেন্দ্রে আর্ন্তজাতিক মান সম্পন্ন বিভিন্ন ট্রেডে প্রশিক্ষন অব্যহত রয়েছে। এছাড়া দাপ্তরিক অনান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | উপজেলা সমবায় বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৪ | উপজেলা বন বিভাগ :<br>ফরেস্টার সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা বন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্টার, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ :<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, অত্র কার্যালয়ের সকল কার্যক্রম যথারিতি চলমান আছে। যানবাহন চালনা বিষয়ক প্রশিক্ষনের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। এছাড়া অন্যান্য ট্রেডের বিজ্ঞপ্তি মোতাবেক যুবদের আবেদন করার জন্য সকল চেয়ারম্যানের দৃষ্টি আকর্ষণ করা হলো। উপজেলা যুব উন্নয়ন কমিটির ত্রৈমাসিক সভা চলতি মাসেই করা হবে। | উপজেলা যুব উন্নয়ন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর কার্যক্রম উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশক্রমে স্বাভাবিক গতিতে চলছে। ঋণ আদায় ও ঋণ বিতরণ চলমান আছে। বাজেট বরাদ্দ অনুসারে প্রশিক্ষন ও অন্যান্য প্রকল্পের সমস্ত কাজ সম্পন্ন হয়েছে। কোন সমস্যা নেই। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| ১৭ | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ ঃ<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, তার দপ্তরের মাধ্যমে বাস্তবায়িত কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৮ | উপজেলা আইসিটি বিভাগ ঃ<br>উপজেলা আইসিটি কর্মকর্তা সভায় জানান যে, গত সভার সিদ্ধান্ত অনুযায়ী উপজেলা আইসিটি অফিসে প্রতিদিন ০৩ টি করে অফিস নিয়ে সিডিউল অনুযায়ী ওয়েব পোর্টালের উপর হাতে হাতে প্রশিক্ষন করানো হয়। প্রশিক্ষন করানোর সময় যে বিষয়গুলো সম্পর্কে অবগত হই।<br><br>১। অনেক দপ্তর তাদের অফিসের নামে ওয়েব পোর্টাল আছে এটা জানে না।<br>২। অনেক অফিসে ল্যাপটপ না থাকায় প্রশিক্ষনে সমস্যা হয়।<br>৩। উপজেলা পরিষদের বাইরে যে অফিসগুলো আছে তারা ওয়েব পোর্টালের উপর প্রশিক্ষন করানোর জন্য আবেদন জানায়।<br>৪। অনেক অফিস ওয়েব পোর্টালের উপর প্রশিক্ষণ পায়নি।<br>তাই ওয়েব পোর্টালের উপর উপজেলা পরিষদ হতে ০১ (এক) দিন ব্যাপী প্রশিক্ষনের আয়োজন করানোর জন্য অনুরোধ করা হলো।<br>সভাপতি মহোদয় এ বিষয়ে জানান বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করা হবে।<br><br>এছাড়া তার দপ্তরের মাধ্যমে বাস্তবায়িত কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। | এ পর্যন্ত কতগুলো অফিসের ওয়েব পোর্টাল হালনাগাদ করা হয়েছে তার তালিকা আগামী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আইসিটি কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৯ | ইউজিডিপি :<br>ইউডিএফ, ইউজিডিপি সভায় জানান যে, প্রকল্পের কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। ৫ম রাউন্ডের কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং ৬ষ্ঠ রাউন্ডের প্রকল্প বরাদ্দের অনুমোদনপত্র এখনও আসে নাই, তবে অতিশীঘ্রই এসে যাবে আশা করছি। বরাদ্দের অনুমোদন পেলে সে অনুযায়ী প্রকল্প প্রস্তাব পাঠাতে হবে। | ইউজিডিপি বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউডিএফ, ইউজিডিপি ত্রিশাল, ময়মনসিংহ। |
| ২০ | পল্লী জীবিকায়ন প্রকল্প ঃ<br>উপজেলা প্রকল্প কর্মকর্তা সভায় জানান যে, নতুন অর্থ বছরের ২০২৩-২৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়িত শুরু হয়েছে। অন্যান্য সামাজিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | পল্লী জীবিকায়ন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকল্প কর্মকর্তা, পল্লী জীবিকায়ন ত্রিশাল, ময়মনসিংহ। |
| ২১ | উপজেলা তথ্যকেন্দ্র ঃ<br>উপজেলা তথ্য আপা সভায় জানান যে, সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এ মাসে তথ্যকেন্দ্রের মাধ্যমে ১২৩ জন মহিলাকে ও ডোর টু ডোর এর মাধ্যমে ৩৮০ জন মহিলাকে বিভিন্ন খাতে সেবা দেয়া হয়েছে। | উপজেলা তথ্যকেন্দ্রের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্য আপা, উপজেলা তথ্যকেন্দ্র ত্রিশাল, ময়মনসিংহ। |
| ২২ | বিবিধ আলোচনা ঃ অফিসার্স ক্লাব ত্রিশালের সাধারণ সম্পাদক জনাব মোহাম্মদ শহীদ উল্লাহ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, উপজেলার নতুন প্রশাসনিক ভবন নির্মাণের জন্য পুরাতন অফিসার্স ক্লাব ঘরটি ভেঙ্গে ফেলা হয়। তাই অফিসারদের কল্যাণের স্বার্থে অফিসার্স ক্লাবের প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ প্রয়োজন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ চত্তরের বিএডিসি পুরাতন ভবন অপসারণ পূর্বক উক্ত স্থানে অফিসার্স ক্লাব নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল অফিসার |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে আগামী দিনগুলিতে নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করে ত্রিশাল উপজেলার উন্নয়নে সহযোগিতা করার অনুরোধ জানান। অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি আবারও সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আবদুল মতিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৬.০০২.২০২৩-

তারিখ : ১৩/০৭/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :

১। জনাব মোঃ হাফেজ রুহুল আমিন মাদানী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫২ ময়মনসিংহ-৭, ত্রিশাল, ময়মনসিংহ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, ময়মনসিংহ।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৮। উপজেলা ------------------------------- অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
৯। চেয়ারম্যান ------------------------ ইউনিয়ন পরিষদ (সকল), ত্রিশাল, ময়মনসিংহ।

১৩-৭-২০২৩
(জুয়েল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।

উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৫.০০১.২৩- ৮১৪ তারিখ ঃ ০৫/০৭/২০২৩ খ্রি.

সভার নোটিশ

আগামী ১৩ জুলাই ২০২৩ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার, সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ আবদুল মতিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ। উপজেলা পরিষদের সকল সদস্য ও উপজেলা পর্যায়ের সরকারি দপ্তরের প্রধানগণকে নির্ধারিত সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, স্ব-স্ব বিভাগের সভার কার্যবিবরণী জনাব নাঈমা হক, সি.এ উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ এর নিকট জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

সভার স্থান ঃ রাশেদুল ইসলাম কনফারেন্স রুম, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

সভার আলোচ্য সূচী ঃ

(ক) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

(খ) গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা।

(গ) বিভিন্ন বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা।

(ঘ) বিবিধ।

০৫-৭-২০২৩
(জুয়েল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।

১। উপজেলা ..........................................অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
২। চেয়ারম্যান, ...............................ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

বিতরণ ঃ সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে ঃ

১. জনাব মোঃ হাফেজ রুহুল আমিন মাদানী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫২ ময়মনসিংহ-৭, ত্রিশাল, ময়মনসিংহ।
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
৩. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৫. মেয়র, ত্রিশাল পৌরসভা।
৬. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৭. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৮. অফিস কপি।